R.N. No. 2532/57 Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস. কে. রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
৪৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৭ই বৈশাখ বুধবার, ১৩৮৭ সাল।
৩০শে এপ্রিল, ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## রেজিষ্ট্রী অফিসে অচলাবস্থা ঃ দুর্গতি আর লোকসান

বিশেষ প্রতিনিধি, ৩০ এপ্রিল—রসিদ বই-এর অভাবে জঙ্গিপুর সাগরদীঘি ও নিমতিতা সাব রেজিষ্ট্রি অফিসে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। তার ফলে ফাল্গুন মাস থেকে অফিসগুলিতে দলিল রেজিষ্ট্রি বন্ধ হয়ে গিয়েছে। এদিকে জঙ্গিপুর অফিসের সাব-রেজিষ্ট্রারও এ মাসের শেষ সপ্তাহে বদলি হয়ে চলে গেছেন। নতুন সাব-রেজিষ্ট্রার এখনও আসেননি। ফলে তিনটি অফিস বন্ধ হয়ে রয়েছে। জঙ্গিপুর সাব-রেজিষ্ট্রারকে জঙ্গিপুর, সাগরদীঘি ও নিমতিতা অফিস চালাতে হয়। অচলাবস্থার ফলে অফিসের সঙ্গে সংশ্লিষ্ট ভেনডার এবং দলিল লেখকদের রুজি রোজগার বন্ধ হয়ে গিয়েছে। তাঁরা অসহায় অবস্থার মধ্যে পড়েছেন। দুর্গতি বেড়েছে জনসাধারণের। কারণ, অফিস বন্ধ থাকায় দলিল রেজিষ্ট্রি এবং দলিল সংক্রান্ত সমস্ত কাজকর্ম ব্যাহত হচ্ছে। ক্ষতি হচ্ছে সরকারেরও। কারণ, দলিল রেজিষ্ট্রির সময় রেজিষ্ট্রি দলিলের নম্বর ও দাতা গ্রহীতার নাম লিখে সম্পত্তির মূল্যের উপর ধার্য ফিজ আদায় করে যে রসিদ দেওয়া হয়, সেই রসিদই অফিসগুলিতে নাই। এর ফলে দলিল রেজিষ্ট্রি হচ্ছে না, সরকারের ফিজ আদায়ও হচ্ছে না। এদিক-ওদিক থেকে রসিদ বই সংগ্রহ করে কোন রকমে অফিস চলছিল। কিন্তু এখন তারও উপায় নাই। কারণ, বহরমপুর এমনকি কলকাতাতেও নাকি রসিদ বই নাই। রসিদ বই-এর অভাবে ফিজ আদায় বন্ধ থাকলে প্রত্যেক মাসে সরকারের কোটি কোটি টাকা রাজস্ব লোকসানের আশঙ্কা থাকে। অফিসগুলিতে বছরে গড়ে দশ হাজার করে দলিল

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে গম ও টাকা আত্মসাতের অভিযোগ

সাগরদীঘি, ৩০ এপ্রিল—সাগরদীঘি পঞ্চায়েত সমিতির বোখারা ১নং গ্রাম পঞ্চায়েত সদস্য মনসরুল ইসলাম ১৯৭৯ সালের ১৫ জুন তারিখে ৩·৭৪ কু: গম ও ১৮৭ টাকা নগদ, ৩০ জুন তারিখে ১·৮০ কু: গম ও ১২০ টাকা নগদ এবং ২৮ জুলাই তারিখে এক কু: সাড়ে উনচল্লিশ কেজি গম ও তিরানব্বই টাকা নগদ আত্মসাৎ করেছেন

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## 'ব্যক্তিআক্রোশে শ্রীকেশবাবু মিথ্যে কেশ ডাইরি সাজিয়েছিলেন' ঃ কমিশন

নিজস্ব সংবাদদাতা : 'মালদহের এ্যাডিশনাল এস পি উদয় দত্ত এবং ঝাড়গ্রামের সারকেল ইন্সপেকটর শ্রীকেশ মণ্ডল ব্যক্তিগত আক্রোশে মিথ্যে কেশ ডাইরি ও হিস্ট্রী-সীট প্রস্তুত করে বসুমতীর সংবাদদাতা বিমান হাজরাকে গ্রেপ্তার করেছিলেন ' জরুরী অবস্থায় বাড়াবাড়ি নির্ণায়ক হরতোষ চক্রবর্তী কমিশন রাজ্য সরকারের কাছে পেশ করা দ্বিতীয় দফা অন্তর্বর্তী রিপোর্টে এই মন্তব্য করেছেন। হাজরাকে জরুরী অবস্থা চলাকালীন ১৯৭৭ সালের ৭ জানুয়ারী একটি সাম্প্রদায়িক ঘটনার সঙ্গে জড়িয়ে মিসায় গ্রেপ্তার করা হয়। কমিশন এই মামলায় ৪২ জনের সাক্ষ্য গ্রহণ করেন। গত বছরের এপ্রিল মাসে আলিপুরে এই মামলার শুনানী হয়। কমিশন রাজ্য সরকারের কাছে যে দ্বিতীয় অন্তর্বর্তী রিপোর্ট দিয়েছেন, গত ১৩ মার্চ তা রাজ্য বিধানসভায় পেশ

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## গ্রামাঞ্চলে জলাভাব

নিজস্ব সংবাদদাতা : অরঙ্গাবাদ থেকে আমাদের সংবাদদাতা লিখেছেন, সুতি এক ও দু'নম্বর ব্লকের সর্বত্র পানীয় জলের তীব্র অভাব দেখা দিয়েছে। বংশবাটী, ভিলোড়া প্রভৃতি গ্রামে জলকষ্ট ভয়াবহ। অধিকাংশ টিউবওয়েল অকেজো হয়ে পড়েছে।

মহকুমার অন্যান্য ব্লকেও একই অবস্থা চলছে। সমগ্র মুর্শিদাবাদ জেলা খরার কবলে পড়েছে। অধিকাংশ গ্রামের পুকুর, খাল, বিল শুকিয়ে গিয়েছে। তাপপ্রবাহ দৈনন্দিন বাড়ছে। আকাশে মাঝে মধ্যে মেঘ আসছে কিন্তু বৃষ্টি হয় না। প্রায় প্রতিদিনই ঝড়ো হাওয়া বইছে।

## কর্মবিনিয়োগ কেন্দ্রে দুর্নীতির অভিযোগ

ফরাক্কা ব্যারেজ, ৩০ এপ্রিল—ইনটারভিউ কল নিয়ে ফরাক্কা কর্মবিনিয়োগ কেন্দ্র সম্পর্কে দুর্নীতির অভিযোগ উঠেছে। সাধারণ নিয়ম অমান্য করে একজনকে ডিঙ্গিয়ে আর একজনকে ডাকা হচ্ছে বলে অভিযোগ করা হয়েছে। বেকাররা এই ধরনের ঘটনাকে কর্মবিনিয়োগ কেন্দ্রের স্বজনপোষণ ও দুর্নীতির উদাহরণ বলে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## শিশুপুষ্টির নামে পশুখাদ্য ঃ অভিযোগ

নিজস্ব সংবাদদাতা : রাজ্য সরকারের জনহিতকর পরিকল্পনাগুলির অন্যতম শিশুপুষ্টি প্রকল্পে প্রাথমিক ও নিম্ন-বুনিয়াদী বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের বিনামূল্যে পাউরুটি বিতরণ। কিন্তু সরবরাহিত রুটির মান দেখে জনসাধারণ, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে ক্রমশঃ ক্ষোভ বাড়ছে, যা জনপ্রিয় সরকারের জনপ্রিয়তায় কালিমা লেপন করতে পারে। বহুদিন থেকেই জঙ্গিপুর পুরসভার প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয়গুলিতে অতি নিম্ন মানের পাউরুটি দেওয়া হচ্ছে বলে আমাদের দপ্তরে অভিযোগ আসছে। সম্প্রতি রুটির নমুনাসহ বহু শিক্ষক অভিযোগ করে গেছেন। বাচ্চা ছেলেমেয়েদের খাবার উপযোগী পাউরুটি সরবরাহ করতে সংশ্লিষ্ট বেকারী মোটেই সচেষ্ট নয়। মাঝে মাঝে দুর্গন্ধযুক্ত, পোকাধরা বা কাঁচা ময়দার যে রস্ত পাউরুটির প্যাকেটে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আবার কর ফাঁকি

জঙ্গিপুর, ৩০ এপ্রিল—জঙ্গিপুর গণেশ টকীজে আবার প্রমোদ কর ফাঁকির চালাও কারবার চলছে বলে খবর পাওয়া গিয়েছে। জানা গিয়েছে, নির্দিষ্ট আসন সংখ্যার চেয়ে বেশী দর্শক ঢোকানো হচ্ছে। বাড়তি দর্শকদের জন্য অতিরিক্ত আসনের সংস্থান করা হচ্ছে টেবিল, চেয়ার, বেঞ্চ, টুল

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ম্যালেরিয়ার প্রকোপ

রঘুনাথগঞ্জ ৩০ এপ্রিল- শহরের উপকণ্ঠে সোনাটিকুরি কলোনীতে ম্যালেরিয়ার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এ মাসে অন্ততঃ ষাট জন কলোনীবাসী এই রোগে আক্রান্ত হয়েছেন বলে জানানো হয়েছে। স্বাস্থ্য বিভাগের কর্মীরা সেজন্য উদ্বেগ প্রকাশ করেছেন। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে, কলোনী সংলগ্ন খড়খড়ি নদী কচুরিপানা ভর্তি হয়ে মশার আড্ডাখানায় পরিণত হয়েছে এবং হামেশাই ম্যালেরিয়া রোগের জীবাণু বহন করে চলেছে।

## খসড়া ভোটার তালিকা

জঙ্গিপুর মহকুমার ৫০ ফরাক্কা, ৫১ অরঙ্গাবাদ, ৫২ সুতি, ৫৩ সাগরদীঘি (তপ:) ও ৫৪ জঙ্গিপুর বিধানসভা কেন্দ্রের খসড়া ভোটার তালিকা প্রকাশের জন্য প্রস্তুত করা হয়েছে। কারো কোন আপত্তি থাকলে ৭ মে. ১৯৮০ তারিখের মধ্যে ইলেকটোরাল রেজিসট্রেশন অফিসারের কাছে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। গ্রাম পঞ্চায়েত, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ, পুরসভা এবং থানার বড় দারোগাদের কাছে ভোটার তালিকা পরিদর্শনের জন্য পাওয়া যাবে। —তথ্য

### ডাইরি সাজিয়েছিলেন

(১ম পৃষ্ঠার পর)

করা হয়। এই বং রিপোর্টে উভয় পক্ষের ৪২ জন সাক্ষীর সাক্ষ্য বিশ্লেষণ করে বলা হয়েছে, তৎকালীন জঙ্গিপুরের এস ডি পি ও উদয় দত্ত ব্যক্তিগত আক্রোশ চরিতার্থ করতেই বিমান হাজরাকে মিথ্যে করে একটি মামলার সঙ্গে জড়িয়ে দিতে তৎপর হয়েছিলেন এবং তাঁকে এ ব্যাপারে মিথ্যে কেস ডাইরী ও হিসট্রি সীট প্রস্তুত করতে রঘুনাথগঞ্জ থানার তৎকালীন অফিসার ইন-চার্জ শ্রীকেশ মণ্ডল পূর্ণ সহযোগিতা করেছিলেন।

বিমানকে হয়রানি ও জনমানসে অপদস্থ করাই ছিল ওই দুই অফিসারের উদ্দেশ্য ; কারণ তাঁকে গ্রেপ্তারের পর কোমরে দড়ি ও হাতকড়া পরিয়ে এস ডি পি ওর নির্দেশেই বহরমপুর নিয়ে যাওয়া হয়।

কমিশন বলেছেন, অভিযুক্ত দুই দারোগার পক্ষের সাক্ষীরাও বলেছেন বিমান হাজরা ১-১-৭৭-এর ঘটনাবলীর সঙ্গে আদৌ যুক্ত ছিলেন না। কাজেই কমিশন নিঃসন্দেহ যে, হাজরাকে হয়রানি করার জন্যই তাঁর বিরুদ্ধে মিথ্যা কেস ডাইরী রচনা করা হয়েছিল। তাঁকে মিসায় গ্রেপ্তারের হিসট্রি-সীটে নিয়ম-মাফিকভাবে ওসি এবং সি আই শুধুমাত্র ফরওয়ারড করেই কাজ সমাধা করেছিলেন কিন্তু এস ডি পি ও উদয়বাবু সেই হিসট্রি-সীটে নিজের হাতে 'ফিট টু বি ডিটেণ্ড' বলে অস্বাভাবিক মন্তব্য করেছিলেন। ব্যক্তিগত আক্রোশ বলেই উদয়বাবু এ কাজ করেছিলেন বলে কমিশন মনে করেন। কারণ বিমান হাজরা এস ডি পি ও উদয় দত্ত ও তাঁর স্থানীয় পুলিশ প্রশাসনের দুর্নীতি সম্পর্কে গ্রেপ্তারের আগে দু'টো সংবাদ রচনা করেছিলেন। সেনসর ব্যবস্থায় তা নট পাস হলেও উদয়বাবু এই সংবাদগুলি সম্পর্কে অবহিত হন এবং বিমানবাবুকে দেখে নেবার হুমকি দেন। এর পরপরই বিমান হাজরা মিসায় গ্রেপ্তার হন এবং সত্তর দিন আটক থাকেন। কমিশন ওই দুই অফিসারকে ১৬৭, ১৯৩, ২০৩, ২১১, ৩৪৪ ও ১০৯ ধারায় অভিযুক্ত করেছেন। এবং রাজ্য সরকারকে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন।

## গ্রামে ছিনতাই বাড়ছে

সাগরদীঘি, ৩০ এপ্রিল—এই থানার গ্রামাঞ্চলে ছিনতাই উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে বলে খবর আসছে। বালিয়ার সংবাদদাতা জানিয়েছেন, ১৭ ও ১৮ এপ্রিল পরপর দুদিন দুটো ছিনতাই এর ঘটনা ঘটেছে। প্রথম ঘটনায় বালিয়া ডাঙ্গাপাড়ার ধনসাদ আলি নয়ান ডাঙ্গার দু'জন সঙ্গীর সঙ্গে লালগোলা থেকে বাড়ী ফেরার পথে ছিনতাইকারীর পাল্লায় পড়েন। ১৮ এপ্রিল উপলাই বিলের পাড়ে বিষ্ণুপুরের শ্যামাপ্রসাদ সাহানা ছিনতাইকারীদের কবলে পড়েন।

## একক অনুষ্ঠান

রঘুনাথগঞ্জ, ২৭ এপ্রিল—আজ সকালে স্থানীয় ছায়াবাণী সিনেমা হলে জঙ্গিপুরের আমরা ক'জন ক্লাবের সৌজন্যে প্রবীর চক্রবর্তী একক অনুষ্ঠান প্রদর্শন করেন। মূকাভিনয়ে বেকার যুবক, ব্যঙ্গ কৌতুকে রবীন্দ্রনাথের বঙ্গদর্শন ; আবৃত্তিতে গান্ধারীর আবেদন, কামালপাশা ও বোধন এবং সংলাপে টিপু সুলতান ও সিরাজ-উদ্দৌলা পরিবেশন করে একাই তিনি শ্রোতাদের মুগ্ধ করেন। এখানে এই ধরনের অনুষ্ঠান সম্ভবতঃ এই প্রথম। অনুষ্ঠানটি সকলের প্রশংসা অর্জন করে।

## মেয়াদের আগেই অবসর

জঙ্গিপুর, ৩০ এপ্রিল—জঙ্গিপুর কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপক প্রফুল্লকুমার ভট্টাচার্যাকে চাকরির মেয়াদ শেষ হওয়ার এক বছর আগেই অবসর গ্রহণ করানো হয়েছে। তাঁর চাকরির মেয়াদ শেষ হওয়ার কথা ১৯৮১ সালে। এই এক বছর চাকরিতে পুনর্বহালের দাবিতে জঙ্গিপুর শহরের জনমত সোচ্চার হয়েছে

## হরিরামপুরে খুন

সাগরদীঘি, ২৯ এপ্রিল—গতকাল এই থানার হরিরামপুর গ্রামে মারদাঙ্গার এক ঘটনায় একজন নিহত ও দু'জন গুরুতরভাবে আহত হয়েছেন। পুলিশ সূত্রে জানানো হয়েছে, সাতজন গোয়ালা ওই গ্রামের কাছে একটি মাঠে গবাদি পশু চরাবার সময় একদল সশস্ত্র লোক তাদের আক্রমণ করে। ফলে ঘটনাস্থলেই গুরুপদ ঘোষ নামে একজন গোয়ালা নিহত এবং ছ'জন আহত হন। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাত্রে গ্রামে হানা দিয়ে ১২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

## শিক্ষক সংগ্রাম সমিতি

সাগরদীঘি, ২৮ এপ্রিল—সাগরদীঘি ব্লক যুবকরণ ও নেহেরু যুব কেন্দ্রের তত্ত্বাবধানে যে সমস্ত নাইট স্কুল চলছে, গতকাল সেই সমস্ত স্কুলের প্রত্যেক শিক্ষককে নিয়ে স্থানীয় আর এস পি অফিসে এক বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরোহিত্য করেন লিখা সিনহা। সভায় মোঃ মুস্তফা আলিকে সম্পাদক করে দশ সদস্যের 'বয়স্ক শিক্ষক সংগ্রাম সমিতি' নামে একটি সমিতি গঠন করা হয়।


আনন্দধারা সংগীত মহাবিদ্যালয়

(বংগীয় সঙ্গীত পরিষদ অনুমোদিত)

ভর্তি চলিতেছে

উপযুক্ত শিক্ষকগণের তত্ত্বাবধানে যত্ন সহকারে রবীন্দ্র সংগীত, উচ্চাঙ্গ সংগীত, নজরুলগীতি, তবলা ও গীটার শেখানো হয়।

স্থান—রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়

প্রতি রবিবার সকাল ৮টা থেকে বিকেল ৬টা।

যোগাযোগের ঠিকানা—

শ্রীঅরুণ ষ্টুডিও (ফুলতলা), পণ্ডিত প্রেস পরিমল চক্রবর্ত্তী সদরঘাট), আপনার চা (জঙ্গিপুর সাহেববাজার)

আগামী ২৫শে বৈশাখ সকাল ৮ ঘটিকায় ছায়াবাণী সিনেমা হলে আনন্দধারার রবীন্দ্র স্মরণ উৎসব অনুষ্ঠিত হবে। প্রবেশ পত্র সংগ্রহ করুন।



দ্রুত আরোগ্যকারী

চর্ম্মরোগের মহৌষধ

চন্দ্র-মালতী (R)

(ম্যানুফ্যাকচারিং লাইসেন্স নং এ, এল ৩২৪-এম)

নিবেদনে—জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ

পোঃ রঘুনাথগঞ্জ, জিলা মুর্শিদাবাদ

পিন—৭৪২২২৫


## বিদ্যুৎ বিল : জমা দেওয়ার পর নোটিশ

নিজস্ব সংবাদদাতা : বিদ্যুৎ বিল জমা দেওয়ার পরও রঘুনাথগঞ্জ বিদ্যুৎ সরবরাহ সংস্থা থেকে শহরের গ্রাহকদের নোটিশ দেওয়া হচ্ছে বলে বহু অভিযোগ আসছে। এ রকম একটি সুনির্দিষ্ট অভিযোগ করেছেন দরবেশপাড়ার সন্তোষকুমার ব্যানার্জি। তিনি জানিয়েছেন, ২ এপ্রিল তারিখের ২৭২/ড নম্বর বিলের ন'টাকা ছেষট্টি পয়সা নির্দিষ্ট সময়ে অর্থাৎ ৯ এপ্রিল তারিখে ডি পি ২৫৭৪৫ নম্বর রসিদে জমা দেওয়ার পর ২১ এপ্রিল তারিখে তাকে এই মর্মে নোটিশ দেওয়া হয়েছে যে তিনি যেন ২৮ এপ্রিলের মধ্যে সংশ্লিষ্ট বিলের বকেয়া টাকা পরিশোধ করেন। নোটিশ পেয়ে তিনি আর পাঁচজনের মত অবাক না হয়ে পারেননি। শেষ পর্যন্ত তিনি ঘটনাটি জানিয়েছেন আমাদের।

## গুলিবিদ্ধ ডাকাত ধৃত

সাগরদীঘি, ৩০ এপ্রিল—সাগরদীঘি পুলিশ একজন গুলিবিদ্ধ ডাকাতকে গ্রেপ্তার করেছে। নবগ্রাম থানা এলাকায় ডাকাতি করতে গিয়ে পুলিশের গুলিতে আহত ওই ডাকাত পালিয়ে এসে সাগরদীঘি এলাকায় একটি গোপন আস্তানায় আশ্রয় নেয় এবং গুলি বের করে সেখানেই তার চিকিৎসা চলতে থাকে। খবর পেয়ে সাগরদীঘি পুলিশ সেই আস্তানা থেকে তাকে গ্রেপ্তার করে। খবরটি পুলিশ সূত্রের।

## খেলার খবর

নিজস্ব সংবাদদাতা : মিরজাপুর নবভারত স্পোরটিং ক্লাবে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত জিমন্যাসটিক কোচিং ক্যাম্প শুরু হয়েছে ১০ এপ্রিল থেকে। চলবে দু'মাস। কুড়িজন ছেলেমেয়ে সপ্তাহে ছ'দিন করে এই শিবিরে করুণাময় দাস ও দিলীপ কর্মকারের তত্ত্বাবধানে প্রশিক্ষণ গ্রহণ করবে।


বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস

লেখার বাস সার্ভিস

ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজার্ভ দেওয়া হয়।

### দুর্গতি আর লোকসান

( ১ম পৃষ্ঠার পর )

রেজিষ্ট্রী হয়। ওই সমস্ত দলিলের ফিজ অনুমান করলে লোকসানের হিসেবটা কল্পনা করতে কষ্ট হয় না। অথচ সরকারও এ ব্যাপারে উদাসীন। রেজিষ্ট্রী অফিসগুলোর উপর সুনজর বা যত্ন সরকারের নাই।

রেজিষ্ট্রী অফিসগুলিতে আর একটি সমস্যা বিদ্যমান এবং মাঝে মধ্যে ওই সমস্যা জনসাধারণকে বেশ বিব্রত করে। নানারকম অসুবিধায় ফেলে। সমস্যাটা হচ্ছে দলিল ডেলিভারির। সাধারণ নিয়মে দলিল রেজিষ্ট্রীর পর ভালউমে কপি করে দলিল ফেরত দেওয়া হয়। কিন্তু জঙ্গিপুর অফিসে ১৯৭৭ সাল থেকে ভলিউম না থাকায় সমস্ত দলিল আটকে আছে। তিন বছর পর এতদিনে ১৯৭৭ সালের দলিল ফেরত দেওয়া হচ্ছে। তাও সবটা এখনও হয়নি। ওই বছরের প্রায় দশ হাজার দলিলের মধ্যে এখন পর্যন্ত হাজার পাঁচেক কপি করে ফেরত দেওয়া হয়েছে। এখনও ওই বছরের অর্ধেক এবং ১৯৭৮ ১৯৭৯ ও ১৯৮০ সালের এপরিল পর্যন্ত পঁচিশ-তিরিশ হাজার দলিল পড়ে রয়েছে। কবে ডেলিভারি হবে তাও কোন ঠিক নাই। সাধারণ মানুষের ভোগান্তিরও সীমা নাই।

### দুর্নীতির অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

উল্লেখ করেছেন। এ ধরনের বহু অভিযোগ ইা মধ্যে পাওয়া গেছে। এতে বেকারদের ক্ষোভ বাড়ছে। অপরদিকে কর্মবিনিয়োগ কেন্দ্রে বেকারের সংখ্যাও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বেকার ভাতা চালুর পর কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লেখানোর প্রবণতা আগের তুলনায় বহুগুণ বেড়ে গেছে।

### শিশুপুষ্টির নামে পশুখাদ্য

( ১ম পৃষ্ঠার পর )

সরবরাহ করা হয় তা এত নিম্নমানের যে, গরু মহিষেরও পুষ্টি সাধনে অক্ষম। কোন অদৃশ্য শক্তিশালী প্রভাবের ফলে এ ব্যাপারে অভিযোগের কোন ফল নাকি পাওয়া যায় না, তাই বাধ্য হয়ে শিক্ষকদের নিম্নমানের পাউরুটি গ্রহণ ও বিতরণ করতে হয়। এখানে উল্লেখ্য, খাদ্যমান পরীক্ষার জন্য পুরসভা ও গ্রামাঞ্চলে স্যানিটারি ইনসপেকটর কর্মরত আছেন।

### ডাকাত গ্রেপ্তার

ধুলিয়ান, ২২ এপ্রিল—আজ অনুপনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে পুলিশ বোমায় জখম একজন ডাকাতকে গ্রেপ্তার করে চিকিৎসার জন্য জঙ্গিপুর হাসপাতালে পাঠিয়েছে। জানা গিয়েছে ধৃত ব্যক্তির নাম মোতন সেখ, বাড়ী সামসেরগঞ্জ থানার চাঁদনিদহ গ্রামে। পুলিশের সন্দেহ, তৈরীর সময় বোমা তার হাতে ফেটে যায় এবং জখম হাত নিয়ে সে চিকিৎসার জন্য আসে।

### আত্মসাতের অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

বলে ইমামনগরের গ্রামবাসীরা মহকুমা শাসক, জেলা শাসক, পঞ্চায়েত মন্ত্রীসহ বিভিন্ন জায়গায় অভিযোগ করেছেন। অভিযোগে বলা হয়েছে, সংশ্লিষ্ট সদস্য কাজ না করেই ভাউচার দাখিল করেছেন। এ ছাড়াও একটি জল-নিকাশী প্রকল্পের ৫০০ টাকা নগদ ও সাড়ে সাত কুইনটাল গম আত্মসাতের ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন বলেও জানানো হয়েছে। বিপ্লবী যুব সংস্থার সাগরদীঘি থানা সম্পাদক হায়াৎ আলি এর প্রতিকার দাবি করেছেন।

### পঞ্চায়েত ঃ বাংলায় ২২ বছর

( ২য় পৃষ্ঠার পর )

রাজনীতির মাধ্যমে পঞ্চায়েতকে ক্যাডার পোষণের খোঁয়াড় হিসেবে নয়, রাজনীতি বর্জিত পঞ্চজনের গ্রামরাজ হিসেবে আত্ম নিয়ন্ত্রণের ক্ষমতা সৃষ্টির মাধ্যমে পঞ্চায়েতকে প্রতিষ্ঠিত করতে না পারলে গ্রাম বাংলার পঞ্চায়েত রাজের সফলতা নিয়ে সন্দেহ কাটবে না। (শেষ)

### আবার কর ফাঁকি

( ১ম পৃষ্ঠার পর )


ইত্যাদির মাধ্যমে। তাদের কাছ থেকে পয়সা আদায় করা হচ্ছে কিন্তু প্রমোদকর সরকারী তহবিলে জমা পড়ছে না। এক শ্রেণীর সরকারী কর্মচারীও ওই সুযোগের সদ্ব্যবহার করে হল কর্তৃপক্ষের সহায়তায় প্রমোদ কর ফাঁকি দিয়ে সিনেমা দেখছেন। পুলিশ অফিসারদেরও মাঝে মধ্যে ওইভাবে সিনেমা হলে ঢুকতে দেখা যায়।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬




সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর প্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

পণ্ডিত ষ্টেশনারস্
রঘুনাথগঞ্জ
বিয়ে-পৈতে-অন্নপ্রাশন ও রকমারী কারডের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অম্বুজম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।